দৈনিক সংবাদ
তারিখ ... 25 DEC 1990 ...
পৃষ্ঠা... 7 ... কলাম ... 6 ...
25 JAN 1990

156

বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ

# 'সরকার তাড়াহুড়ো করবে না'

(নিজস্ব বার্তা পরিবেশক)

'৭৩ সালের বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ সংশোধন বা 'সময়োপযোগী' করার যে চিন্তা রয়েছে, সে ব্যাপারে সরকার কোন তাড়াহুড়া করবে না। বিশ্ববিদ্যালয় শিক্ষা ব্যবস্থার সাথে যুক্ত সকল মহলের সাথে আলোচনা এবং সমঝোতার ভিত্তিতেই এব্যাপারে ভবিষ্যৎ পদক্ষেপ নেয়া হবে বলে শিক্ষা মন্ত্রণালয়ের উচ্চ নীতি

(শেষ পৃ: ৪-এর ক: দেখুন)

## বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ

(১ম পাতার পর)

নির্ধারকদের সূত্রে জানা গেছে।

উক্ত সূত্রে জানানো হয়, বিশ্ববিদ্যালয়গুলোর উপাচার্য, ডীন, প্রভোষ্ট, বিভাগীয় প্রধান, শিক্ষকসহ কর্মকর্তা-কর্মচারীদের সাথে বিশ্ববিদ্যালয়, অধ্যাদেশ বিষয়ে আলোচনার জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের ওপর দায়িত্ব দেয়া হয়েছে। তারা এ ব্যাপারে ইতিমধ্যেই কিছু আলোচনা শুরু করেছেন।

অন্যদিকে, বর্তমান জাতীয় সংসদের শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির একটি উপ-কমিটি করে এ ব্যাপারে অভিভাবকসহ বিভিন্ন স্তরের মানুষের সাথে আলোচনার দায়িত্ব দেয়া হয়েছে। সাভার কলেজের অধ্যক্ষ এবং 'সংসদ সদস্য' সাদ জগলুল ফারুকের নেতৃত্বে তিন সদস্যের একটি কমিটি করা হয়েছে। তারাও নাকি কিছু আলোচনার সূত্রপাত করেছেন।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন এবং সংসদের উপ-কমিটি আলোচনার ফলাফলের রিপোর্ট প্রদান করবে শিক্ষা মন্ত্রণালয়ের নিকট।

বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ সংশোধনের ব্যাপারে দেশব্যাপী রাজনৈতিক দল, বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি এবং ছাত্র সংগঠনগুলোর পক্ষ থেকে প্রবল বিরোধিতা ও প্রতিবাদ তোলা হয়েছে এ নিয়ে সভা, বিবৃতি প্রচার প্রভৃতি হচ্ছে। বিশেষতঃ বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্তশাসন খর্ব করতে পারে এরকম কোনকিছু গ্রহণযোগ্য হবে না বলে তারা জানিয়ে দিয়েছেন।